# লংমার্চে বাধা দিলে ছয় দফা থেকে এক দফার আন্দোলন: নাহিদ




নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

১১ দলীয় ঐক্যের চট্টগ্রামমুখী লংমার্চে কোনো ধরনের বাধা সৃষ্টি করা হলে ঘোষিত ছয় দফা দাবি এক দফার আন্দোলনে রূপ নিতে পারে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

শনিবার (৫ সেপ্টেম্বর) সকাল ৭টায় রাজধানীর শাপলা চত্বরে লংমার্চের উদ্বোধনী সমাবেশে বক্তব্য দিতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, যত বাধা ও প্রতিকূলতাই সামনে আসুক, ১১ দলীয় ঐক্যের এই লংমার্চ চট্টগ্রামে পৌঁছাবেই। তিনি জানান, এই কর্মসূচি মাদক ও চাঁদাবাজির বিরুদ্ধে এবং গণভোটের মাধ্যমে প্রকাশিত জনগণের রায় যারা উপেক্ষা করেছে, তাদের বিরুদ্ধেও পরিচালিত হচ্ছে।

লংমার্চ শান্তিপূর্ণভাবেই সম্পন্ন করা হবে উল্লেখ করে তিনি বলেন, নতুন করে যারা স্বৈরাচারী হয়ে ওঠার চেষ্টা করছে, তাদের সেই পথে এগোতে না দেওয়াও এই কর্মসূচির অন্যতম উদ্দেশ্য।

LENS ASIA

তিনি আরও বলেন, লংমার্চের পথে বাধা দেওয়া হলে পরিস্থিতি ভিন্ন দিকে মোড় নিতে পারে এবং ছয় দফা দাবির পরিবর্তে আন্দোলন এক দফার দাবিতে পরিণত হবে।

উদ্বোধনী সমাবেশ শেষ হওয়ার পর ১১ দলীয় ঐক্যের নেতাকর্মীদের গাড়িবহর ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ধরে চট্টগ্রামের লালদীঘি ময়দানের উদ্দেশে যাত্রা শুরু করে।